



12

৩১ জন কলেজ অধ্যাপক
ঢাকা বিশ্ববিদ্যালয়
শিক্ষক সমিতির
বক্তব্যে ক্ষোভ

৥ স্টাফ রিপোর্টার ৥
দেশের বিভিন্ন কলেজের ৩১ জন
অধ্যাপক এক যুক্ত বিবৃতিতে বলেছেন,
“ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি গত
বুধবার এক সাংবাদিক সম্মেলনে দেশের
২-এর পৃষ্ঠায় দেখুন।”

কলেজ অধ্যাপক

প্রথম পৃষ্ঠায় পর

গণতান্ত্রিক আন্দোলনের একজন
পরীক্ষিত সৈনিক স্বৈরাচারবিরোধী
আন্দোলনের আপোষহীন নেত্রী, জনতার
কণ্ঠস্বর দেশ নেত্রী খালেদা জিয়া সম্পর্কে
যে ধৃষ্টতাপূর্ণ বক্তব্য রাখেন তার জন্য
আমরা গভীর ক্ষোভ প্রকাশ করছি।
তারা আরো বলেন, “খালেদা জিয়া নয়
বরং ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক
সমিতির কতিপয় সদস্যের নির্বাচন
চলাকালে সূষ্ঠ ও নিরপেক্ষ না থাকতে
পারার জন্য দেশবাসীর কাছে ক্ষমা চাওয়া
উচিত। রোকেয়া হলের ভেটি জালিয়াতি,
মুহসীন হলে সশস্ত্র হামলা এর কোন
গ্রহণযোগ্য উত্তরদানে ব্যর্থ হয়ে একজন
জনপ্রিয় নেত্রী সম্পর্কে এমন মন্তব্য করার
জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতিতে
দেশবাসীর কাছে ক্ষমা চাওয়া উচিত।”
বিবৃতিকারীরা হলেন— অধ্যাপক উত্তম
কুমার, অধ্যাপিকা মাসুমা খাতুন, অধ্যাপক
অসীম চক্রবর্তি, অধ্যাপক জীবন কুমার
দাস, অধ্যাপিকা আইনুল নাহার প্রমুখ।